CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/
BNGHCC–101T/051**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–101T

( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের সময়কাল নির্দেশ করে এ যুগের আদিতম নিদর্শনটির নামোল্লেখ করো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে মধ্যযুগকে কত ভাগে ভাগ করা হয়েছে এবং কী কী?

(গ) 'চর্যাপদ'-এর বিশিষ্ট টীকাকারের নাম কী এবং তিনি কোন্ ভাষায় তা রচনা করেছেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। বাংলা সাহিত্যের ইতিহাসের যুগ-বিভাজন উল্লেখ করে অন্ত্য-মধ্যযুগের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

আদি বাংলা সাহিত্যের নিদর্শন সম্পর্কে বিস্তৃত আলোচনা করো এবং এর সাহিত্যমূল্য নির্ণয় করো।

## UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য-এর আবিষ্কর্তা কে এবং কোথা থেকে তিনি এই গ্রন্থটি উদ্ধার করেন?

(খ) চৈতন্য-উত্তর যুগের দুজন বিশিষ্ট বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(গ) মধ্যযুগে রচিত দুটি চৈতন্য-জীবনচরিত গ্রন্থের নাম লেখো।

৪। বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

বৈষ্ণব পদকর্তা হিসেবে চণ্ডীদাসের কবিকৃতি আলোচনা করো।

## UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) মঙ্গলকাব্যগুলোর মধ্যে সব থেকে প্রাচীন কাব্য কোনটি এবং কাব্যটির রচনাকার কে?





(খ) 'ধর্মমঙ্গল' কাব্যের প্রধান দুটি কাহিনি কী কী?

(গ) ভারতচন্দ্র রায় কোন্ রাজার সভাকবি ছিলেন? তাঁর রচিত কাব্যটির নাম কী?

৬। 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে এবং তাঁর কাব্য সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

মঙ্গলকাব্যধারার সর্বশেষ কবি এবং তাঁর কাব্যের বৈশিষ্ট্য নিরূপণ করো।

## UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) কৃত্তিবাস ওঝার পিতা-মাতার নাম কী?

(খ) কৃত্তিবাস রচিত 'রামায়ণ'-এ কোন্ কোন্ গ্রন্থের প্রভাব রয়েছে?

(গ) 'মহাভারত'-এর আদি অনুবাদক দুজনের নাম লেখো।

৮। 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ অনুবাদক কৃত্তিবাস ওঝার জীবন ও সাহিত্যের পরিচয় দাও। ১০

*অথবা*

"কাশীরাম দাসের মহাভারত তাঁর প্রতিভার সর্বশ্রেষ্ঠ দান।" মন্তব্যটি বিশদ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) "ওরে নবমী নিশি না হইওরে অবসান
শুনেছি দারুণ তুমি না রাখ সতের মান।"

পদকর্তা কে? এই পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(গ) আরাকান রাজসভার দুজন কবির নামোল্লেখ করো।

১০। শাক্ত-পদকর্তা হিসেবে কমলাকান্ত ভট্টাচার্যের কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১০

*অথবা*

সপ্তদশ শতাব্দীর আরাকান রাজসভার কবিদের সাহিত্যকর্মের সংক্ষিপ্ত আলোচনা করো।

***

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/ BNGHCC–102T/052**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–102T

( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## ক—বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কত খ্রিস্টাব্দে এবং কে নেপালের রাজদরবারের পুথিশালা অনুসন্ধান করে বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যার পুথি আবিষ্কার করেন?

(খ) 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা' গ্রন্থে সর্বমোট কতজন কবির পদ পাওয়া যায়? সর্বাধিক সংখ্যক পদ কোন্ কবি রচনা করেছেন?

(গ) 'চর্যাপদ'-এ সর্বমোট পদের সংখ্যা কত? কয়টি পদ উদ্ধার করা গেছে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। (ক) 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'উঞ্চা উঞ্চা পাবত তঁহি বসই সবরী বালী'—২৮ সংখ্যক পদটির মর্মার্থ বিশ্লেষণ করো।

## খ—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) শ্রীচৈতন্য-পূর্ববর্তী যে কোনো দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(খ) বৈষ্ণব রসশাস্ত্রে নায়িকার কত প্রকার অবস্থার কথা বর্ণিত হয়েছে? "সখি হে হামারি দুখের নাহি ওর" পদটি কোন্ পর্যায়ের অন্তর্গত?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

"এলাইয়া _____ ফুলের গাঁথনি
দেখয়ে_____চুলি।"

৪। (ক) মাথুর কাকে বলে তা উল্লেখ করে এই পর্যায়ের পদ রচনায় কবির কাব্যকৃতির পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) 'ভাবসম্মিলন' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? এই পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্বের পরিমাপ করো।





## গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) কোন্ রাজা মুকুন্দরামকে 'কঙ্কণ' ভূষণ উপহার দিয়েছিলেন বলেই তাঁর উপাধি হলো 'কবিকঙ্কণ'? রাজার পুত্রের নাম কী, যার শিক্ষা-গুরুরূপে মুকুন্দরাম নিযুক্ত হয়েছিলেন?

(খ) কালকেতু কোন্ নগরী পত্তন করেছিল ও কোন্ সম্প্রদায়ের লোক ছিল?

(গ) ভাঁড়ু দত্ত কালকেতুর কাছে অপমানিত হয়ে প্রতিশোধ নেবার জন্যে কোন্ রাজার কাছে গিয়েছিল? ভাঁড়ুর ভাইয়ের নাম কী?

৬। (ক) "মুকুন্দের 'চণ্ডীমঙ্গল'-এ চরিত্র-বর্ণনের চেয়ে চরিত্র-চিত্রণই মুখ্য হয়ে উঠেছে।" কালকেতু চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে উক্তিটির তাৎপর্য নির্ণয় করো। ১০

*অথবা*

(খ) "মধ্যযুগের ভাঁড়ামি নয়, আধুনিক যুগের শুভ্রতা এই হাস্যরসে আভাসিত। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'-এ যে হাস্যরস পেয়েছি তা যেমন কাল-সাপেক্ষ, তেমনি কিছুটা কালোত্তীর্ণও বটে।" উক্তিটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

## ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) কত খ্রিস্টাব্দে কবি বৃন্দাবনদাসের জন্ম বলে অনুমিত হয়? তাঁর মায়ের নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) বৃন্দাবনদাস 'চৈতন্যভাগবত'কে প্রথম কী নামে নামকরণ করেন? কার নির্দেশে পরে 'চৈতন্যভাগবত' নামকরণ করেন বলে প্রচলিত?

(গ) বৃন্দাবনদাস শৈশবে কার শিষ্যত্ব গ্রহণ করেছিলেন? বৃন্দাবনের মা চৈতন্য-ভক্ত শ্রীবাসের সম্পর্কে কী ছিলেন?

৮। (ক) চৈতন্য-জীবনীকার হিসাবে কবি বৃন্দাবনদাসের কৃতিত্ব ও বৈশিষ্ট্য নিরূপণ করো। ১০

*অথবা*

(খ) "বৃন্দাবনদাস তাঁর গ্রন্থে শ্রীচৈতন্যের মানবমূর্তি ও ভগবতমূর্তি দুদিকেই সমান অনুপাত রক্ষা করেছেন।" 'চৈতন্যভাগবত' অবলম্বনে উক্তিটির তাৎপর্য পর্যালোচনা করো।

## ঙ—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) শাক্তপদাবলীর যে কোনো দুজন কবির নাম উল্লেখ করো।

(খ) কোন্ শতাব্দীতে শাক্তপদাবলী প্রথম রচিত হয়? 'বিদ্যাসুন্দর'-এর রচয়িতা কে?

(গ) কবি রামপ্রসাদের জন্মসাল কত ও জন্মস্থান কোথায়?





১০। (ক) শাক্তপদাবলীর 'আগমনী' পর্যায়ে শাশ্বত মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে, তার বর্ণনা দাও। ১০

*অথবা*

(খ) কবি কমলাকান্ত ভট্টাচার্যের কাব্যকৃতি আলোচনা করো।

★★★